গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.০৬.০০৭.১৭ (অংশ)- ১৮৮

তারিখ: ০২ আষাঢ় ১৪২৬ ব: / ১৬ জুন ২০১৯ খ্রি:

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল/২০১৯ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৮ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মোঃ শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(দৃঃ আঃ জনাব মোহাম্মদ মমিনুর রহমান, পরিচালক-১২)
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১১. অতিরিক্ত সচিব (প্রশাসন/নিরাপত্তা ও বহিরাগমন/কারা/অগ্নি/উন্নয়ন/মাদক নিয়ন্ত্রণ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৪. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৫. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, নাজিম উদ্দিন রোড, ঢাকা।
১৭. যুগ্মসচিব (কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল ২০১৯ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শহিদুজ্জামান<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ২৮ মে ২০১৯ |
| সময় | : | দুপুর ১২.৩০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং ২০১৮-২০১৯ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সুরক্ষা সেবা বিভাগের প্রকল্পসমূহের গতিশীলতা আনয়নের নিমিত্ত এবং গুণগতমান অক্ষুন্ন রেখে অগ্রগতি ত্বরান্বিত করা ও বাস্তবায়নের বিভিন্ন বিষয়ে দিক-নির্দেশনামূলক সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) তে সুরক্ষা সেবা বিভাগের ২২টি প্রকল্পের অনুকূলে ২০০৬.২৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে, যার মধ্যে জিওবি খাতে ১৯৫৬.৬২ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য বাবদ ৪৯.৬৫ কোটি টাকা। বরাদ্দকৃত অর্থ হতে এপ্রিল ২০১৯ পর্যন্ত ৬০৬.৪২ কোটি টাকা অবমুক্ত হয়েছে, যা বরাদ্দের ৩০.২৩% এবং ব্যয় হয়েছে ৪৬২.৮৬ কোটি টাকা, যা মোট বরাদ্দের ২৩.০৮%। বিবেচ্য সময়ে জাতীয় গড় অগ্রগতি হয়েছে ৫৪.৯৪%। অত্র বিভাগের বিভিন্ন প্রকল্পের অনুকূলে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ জাতীয় গড় অগ্রগতি হতে কম হওয়ায় সভাপতি উষ্মা প্রকাশ করেন এবং পরবর্তীতে মাসভিত্তিক টার্গেট নির্ধারণ এবং কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সকল প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। তিনি জানান গুনগত মান বজায় রেখে প্রকল্পভিত্তিক সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত ১০০% অর্থ ব্যয় করতে হবে। যে সকল প্রকল্প পরিচালক অর্থ বছর শেষে প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে নিতে পারবেন না তাদের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সবাইকে সতর্ক করেন।

২। সংস্থাওয়ারী প্রকল্পের অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, ২০১৮-২০১৯ অর্থবছরের আরএডিপিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (এফএসসিডি) কর্তৃক বাস্তবায়নাধীন ৭টি (৩টি নতুনসহ) প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩৫৬.০৯ কোটি টাকা, অবমুক্ত করা হয়েছে ১৬৬.৬৭ কোটি টাকা (বরাদ্দের ৪৬.৮১%), ব্যয় হয়েছে ১৩৬.১৪ কোটি টাকা, যা বরাদ্দের ৩৮.২৪%। কারা অধিদপ্তরের ৯টি (২টি নতুনসহ) প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৪১৪.০১ কোটি টাকা, অবমুক্ত হয়েছে ১৭১.১২ কোটি টাকা (বরাদ্দের ৪১.৩৪%), ব্যয় হয়েছে ১০৬.৪৭ কোটি টাকা, যা বরাদ্দের ২৫.৭২%। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৪টি (২টি নতুনসহ) প্রকল্পের অনুকূলে বরাদ্দ ১২০৯.৪০ কোটি টাকা, অবমুক্ত হয়েছে ২৪২.০০ কোটি টাকা (বরাদ্দের ২০%) এবং ব্যয় হয়েছে ১৯৫.৫৫ কোটি টাকা, যা বরাদ্দের ১৬.১৭%। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২টি (১টি নতুনসহ) প্রকল্পের অনুকূলে বরাদ্দ ২৬.৭৭ কোটি টাকা, অবমুক্ত ২৬.৬৩ কোটি টাকা (বরাদ্দের ৯৯.৪৮%) এবং ব্যয় হয়েছে ২৪.৭০ কোটি টাকা, যা বরাদ্দের ৯২.২৭%। সভাপতি গুণগত মান বজায় রেখে প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করার উপর পুনরায় গুরুত্বারোপ করেন।

৩। অত:পর প্রকল্পভিত্তিক বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১ সাধারণ সিদ্ধান্ত:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | প্রত্যেকটি প্রকল্প সুষ্ঠুভাবে এবং নির্ধারিত সময়ে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত ডিপিপির প্রভিশন অনুযায়ী সরকারি সকল নিয়মকানুন মেনে ও কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা। | সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ২। | স্ব-স্ব প্রকল্প পরিচালক প্যাকেজ ভিত্তিক এবং কম্পোনেন্ট ওয়াইজ প্রকল্পের বিভিন্ন কার্যক্রম এবং গৃহীত পদক্ষেপের হালনাগাদ তথ্য ও অগ্রগতির প্রতিবেদন এবং প্রকল্প সাইটের নির্মিতব্য অবকাঠামোর বিভিন্ন এঙ্গেলের ছবি পরবর্তী সভায় উপস্থাপন করবেন এবং প্রকল্পের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা অনুসরণপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করবেন। | প্রকল্প পরিচালক (সকল) |
| ৩। | প্রকল্প বাস্তবায়ন, অর্থছাড়, মনিটরিং, প্রশিক্ষণসহ প্রকল্পের বিষয়ে সকল প্রকার যোগাযোগ উন্নয়ন উইং এর সাথে সম্পাদন করা। | সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ৪। | কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের অনুকূলে এ অর্থ বৎসরে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করার লক্ষ্যে কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা অনুসরণপূর্বক দরপত্র আহ্বান ও অন্যান্য কার্যক্রম সম্পাদন করা। | সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ৫। | পরিকল্পনা কমিশনের বিদ্যমান পরিপত্র অনুযায়ী প্রতি ০৩ মাস অন্তর প্রকল্পের পিআইসি সভা এবং প্রতি ০৪ মাস অন্তর প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবান করা। পরবর্তী মাস হতে প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের সময় সর্বশেষ সভার তথ্য এবং চলতি মাসে অনুষ্ঠিত PIC এবং PSC সভার তথ্য প্রদান করা। | সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ৬। | ২০১৭-২০১৮ অর্থবছরে সমাপ্ত ০৫টি প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) আগামী ০৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং আইএমইডি'র চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ে আইএমইডিতে প্রেরণ করা। | সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ৭। | কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্প ভিত্তিক বরাদ্দকৃত শতভাগ অর্থ ব্যয় নিশচত করা। | সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ৮। | ২০১৮-২০১৯ অর্থবছরের যে যে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করা যাবে না সেসব প্রকল্পের অর্থ আন্ত:প্রকল্প সমন্বয়ের মাধ্যমে অন্য প্রকল্পে স্থানান্তরের নিমিত্ত ৩ দিনের মধ্যে প্রস্তাব প্রেরণ করা। | সংস্থা প্রধান (সকল) ও প্রকল্প পরিচালক (সকল) |
| ৯। | ডিপিপিতে অন্তর্ভুক্ত নতুন অননুমোদিত এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ। | সংস্থা প্রধান (সকল) |
| ১০। | জনাব মাহমুদুল কবির, উপসচিবকে সুরক্ষা সেবা বিভাগে সংযুক্তিতে পদায়ন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকল্প পরিচালক হিসেবে পদায়নের বিষয়ে ডিও পত্র প্রেরণ। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ) সুরক্ষা সেবা বিভাগ |

৩.২ প্রকল্পভিত্তিক সিদ্ধান্ত:

| ক্র: নং | প্রকল্পের নাম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প। | (ক) বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্পের Veridos GmbH এর সাথে সম্পাদিত agreed কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা এবং সে অনুযায়ী কার্যক্রম এগিয়ে নেয়া;<br>(খ) ০১ জুলাই হতে ই-পাসপোর্ট ইস্যু নিশ্চিত করা;<br>(গ) আগামী অর্থবছরের অঙ্গভিত্তিক এবং মোট অর্থের প্রকৃত চাহিদার তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ। | মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট প্রকল্প |
| ২। | ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ। | (ক) প্রকল্পের গাজীপুরের জমি সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা;<br>(খ) যে সকল স্থানে প্রকল্পের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে সে সকল স্থানে জরুরিভিত্তিতে আরপিএ অফিস স্থানান্তর করা। | মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক |
| ৩। | খুলনা জেলা কারাগার নির্মাণ, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ, কারা প্রশিক্ষণ একাডেমী রাজশাহী এবং ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত) প্রকল্প। | (ক) ৪টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রকল্প পরিচালক এবং সংস্থা প্রধানের সার্বক্ষণিক আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখা;<br>(খ) প্রকল্পের জন্য গঠিত কমিটির সুপারিশ মোতাবেক পিআইসি ও পিএসসি সভা আহ্বান এবং সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনের উদ্যোগ নেয়া। | কারা মহাপরির্দশক ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪। | পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প। | (ক) প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করা;<br>(খ) কম্বল ফ্যাক্টরী সরানোর বিষয়ে কার্যকর আইনগত পদক্ষেপ গ্রহণ;<br>(গ) পরামর্শক প্রতিষ্ঠানের সাথে আগামী ১৫ দিনের মধ্যে নিগোসিয়েশন করে চুক্তি সম্পাদন;<br>(ঘ) পুরাতন অবকাঠামো অপসারণ, গাড়ী ক্রয় ও অন্যান্য সামগ্রী ক্রয়;<br>(ঙ) নিয়মিত পিআইসি এবং পিএসসি সভা আহ্বান করা;<br>(চ) বঙ্গবন্ধু ও চার নেতার স্মৃতি সংরক্ষণ, পুরাতন অবকাঠামো সংরক্ষণের কাজে অগ্রাধিকার প্রদান করে কাজ সম্পাদন। | কারা মহাপরির্দশক ও প্রকল্প পরিচালক |
| ৫। | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প। | প্রকল্পের অনুমোদন আদেশ জারির বিষয়ে এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। | কারা মহাপরির্দশক ও প্রকল্প পরিচালক |

| ক্র: নং | প্রকল্পের নাম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬। | কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প। | প্রকল্পের কার্যক্রমের সাথে সাথে প্রয়োজনীয় জনবল সৃজনের ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরির্দশক ও প্রকল্প পরিচালক |
| ৭। | মডার্নাইজেশন অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স প্রকল্প। | প্রকল্পের সমুদয় কার্যক্রম জুন ২০১৯ এর মধ্যে শেষ করা। | প্রকল্প পরিচালক |
| ৮। | দেশের গুরুত্বপূর্ণ ২৫টি উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। | (ক) জমি অধিগ্রহণের কাজ ত্বরান্বিত করা;<br>(খ) প্রকল্পের আওতাধীন নতুন ২১টির মধ্যে জরাজীর্ণ স্টেশনসমূহ Condemn declare এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও নির্মাণ কাজ শুরু করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক |
| ৯। | দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন উপজেলা/ স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। | (ক) প্রকল্পটির মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির বিষয়ে আইএমইডি এবং পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করে দ্রুত মেয়াদ বৃদ্ধির ব্যবস্থা করা। এছাড়া, ১৫৬ প্রকল্পের প্রস্তাবিত বর্ধিত মেয়াদ (জুন ২০২০) এর মধ্যে যে কয়টির কাজ করা সম্ভব হবে না তার তালিকা দ্রুত প্রণয়ন করে প্রকল্পটির সংশোধনের বিষয়ে স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা;<br>(খ) নাইক্ষ্যংছড়ি ফায়ার স্টেশনের জন্য বন্দোবস্ত গ্রহণকৃত খাস জমি ১৫ ফুট নীচু ও পাহাড়ি ছড়া সংলগ্ন হওয়ায় এবং উক্ত জমির সম্মুখে রাস্তার লেভেল থেকে ১০ ফুট উচ্চতায় বৈদ্যুতিক একটি লাইন বিদ্যমান থাকায় উক্ত জমির পরিবর্তে নতুন জমি নির্বাচন করা এবং পূর্বের জমির সেলামী বাবদ পরিশোধকৃত অর্থ প্রকল্প তহবিলে ফেরত আনা;<br>(গ) বাইরয়ারহাট ফায়ার স্টেশন নির্মাণ বাবদ চলতি অর্থবছরে ভবন নির্মাণ, মাটি পরীক্ষা, ডিজিটাল সার্ভে, বিজ্ঞাপন ও স্টেশনারি বাবদ অঙ্গাভিত্তিক ব্যয় সমন্বয় করে ৪৪২.৯০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করার জন্য গণপূর্ত বিভাগ কর্তৃক চাহিদা বিবরণী প্রেরণ করা হয়েছে। ব্যয় বিবরণীর Fuel Shed খাতের তথ্য অস্পষ্ট হওয়ায় এবং এ বিষয়ে ১৮-০২-২০১৯ তারিখে কন্টাক্ট এগ্রিমেন্ট স্বাক্ষর করার বিষয়াদি গণপূর্ত বিভাগ কর্তৃক স্পষ্টীকরণ করা;<br>(ঘ) পল্লবী ফায়ার স্টেশন নির্মাণ এ টাইপ এবং Prototype করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক<br>গণপূর্ত বিভাগ<br>মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |

| ক্র: নং | প্রকল্পের নাম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক |
| ১০। | ৪০ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট এয়ার ব্রিদিং এবং গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং গ্যালারী এবং ঘাটতি ফায়ার ফাইটিং রেসকিউ সরঞ্জাম সংগ্রহ প্রকল্প। | জুন ২০১৯ এর মধ্যে যন্ত্রপাতি ক্রয় এবং প্রকল্পের কাজ সমাপ্ত করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক |
| ১১। | ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। | প্রকল্পের জমি অধিগ্রহণের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণসহ নকশা প্রণয়নের কাজ শুর করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, প্রকল্প পরিচালক এবং প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর |
| ১২। | The project for illicit Drug Eradication and Advanced Management through It (I DERAM it) | গত ০৯/০৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত এ প্রকল্পের স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ও প্রকল্প পরিচালক |
| ১৩। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র, ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতায় ৭ (সাত)টি বিভাগীয় শহরে ২০০ শয্যা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ প্রকল্প। | যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর |

৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান) ১৭/৯/১৯
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

২৮ মে, ২০১৯ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | টেলিফোন নম্বর ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মেজর জেনারেল মো: মোহাম্মদ হোসেন সুমন | D G DIP | 01733397330 | [signature] |
| ২। | ব্রি: জে: সামস | কারা অধি: | 01769770000 | [signature] |
| ৩। | অরূপ রতন চৌধুরী এডিজি, ডিএনসি | ডি এন সি | 01712079965 | [signature] |
| ৪। | ব্রিগে: জেন: সাইফুর রহমান খান প্রকল্প পরিচালক | ২ শয্যাবিশিষ্ট প্রকল্প | 01769566666 | [signature] |
| ৫। | ব্রি: জেনারেল সাজ্জাদ | ডিজি বাংলাদেশ সার্ভিস | 01930002621 | [signature] |
| ৬। | মো: জিল্লুরউদ্দিন ভূঁইয়া, পরিচালক ও প্রকল্প পরিচালক | ডিআইপি | 9134011 | [signature] |
| ৭। | লে: কর্নেল জুলফিকার রহমান. পরিচালক (প্র: ও প্রশি:) | FSCD | 01713145070 | [signature] |
| ৮। | মো: মোজাম্মেল হোসেন পিডি, দুর্যোগ প্রকল্প | FSCD | 01550151290 | [signature] |
| ৯। | মো: সহীদ আনোয়ার খান পিডি ৩২ মডেল | FSCD | 01711116747 | [signature] |
| ১০। | এ.কে.এম. ফজলুল হক ডিআইজি প্রিজন ও প্রকল্প পরিচালক | কারা অধিদপ্তর | 01711066393 | [signature] ২৮/৫/১৯ |
| ১১। | মোস্তফা কামাল পাশা প্রকল্প পরিচালক | কারা অধিদপ্তর | 01711224174 | [signature] ২৮/৫/১৯ |
| ১২। | এম এম জাহিদ পারভেজ, PD | কারা অধিদপ্তর | 017664458 ৩ | [signature] ২৮/৫/১৯ |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | টেলিফোন নম্বর ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩। | কৃষিবিদ মো: আব্দুল্লাহ আল মামুন নির্বাহী প্রকৌশলী | গণপূর্ত ই/এম বিভাগ-৫, ঢাকা | 01717-305818 | [signature] |
| ১৪। | রাশিদুল কবির উপ-সহকারী প্রকৌশলী | গণপূর্ত ই/এম বিভাগ-৮, ঢাকা | 01716-044226 | [signature] |
| ১৫। | নুসরাত জাহান সহকারী প্রধান স্থপতি | স্থাপত্য অধিদপ্তর | 01714241902 | [signature] 28.05.19 |
| ১৬। | মোহা: মোজাম্মেল হক প্রকল্প পরিচালক কারা প্রশিক্ষণ কেন্দ্র জমি অধিগ্রহণ/নির্মাণ প্রকল্প | কারা অধিদপ্তর | 01711-013786 | [signature] |
| ১৭। | মো: আসাদ হোসেন উপ প্রধান স্থপতি | স্থাপত্য অধিদপ্তর | 01746882246 | Md Hossain 28/05/2019 |
| ১৮। | মো: আমিনুল ইসলাম প্রকল্প পরিচালক 7 DREAM [illegible] | DNC | ০১৭১২-৯৭ ৩৪৬৯ | [signature] |
| ১৯। | সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব | SSD | 01711435104 | [signature] |
| ২০। | কর্নেল মো: আবরার হোসেন অতি: কারা মহাপরিদর্শক | কারা অধিদপ্তর | 01769970001 | [signature] 28/05 |
| ২১। | শিরিন আখতার সি: সহ: প্রধান | সুসেবি | 0173502038 | [signature] |
| ২২। | মাসরিকা মসরিন উপসচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01533495956 | [signature] |
| ২৩। | মো: জহুরুল আলম চৌধুরী উপ প্রধান (প্রকল্প পরি) | কারা অধিদপ্তর | ০১৭১৫০১২০৩৭ | Z. Alam |
| ২৪। | মো: মিজবাহ উদ্দিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর | 01534503405 | [signature] |
| ২৫। | মো: আনোয়ার হোসেন প্রকল্প পরিচালক | কারা অধিদপ্তর | 01717[illegible] | [signature] |
| ২৬। | মো: [illegible] | SSD | 01710930657 | [signature] |

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | টেলিফোন নম্বর ও ই-মেইল নং | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ২৭। | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব ও<br>প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)<br>১৪৩টি কারাগার নির্মাণ প্রকল্প | সুরক্ষা সেবা বিভাগ | ৯৫৭৬৬৮০<br>prc5287@yahoo.com<br>০১৭১৮-০৫৫৪৭১ | [signature]<br>২৮-৫-২০১৯ |
| ২৮। | মোহাম্মদ আজহারুল হক<br>অতিরিক্ত সচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01711567052<br>azharhuq@gmail.com | [signature]<br>28/05/19 |
| ২৯। | মোহাম্মদ সাজ্জাদ হোসেন<br>এ আই জি (উন্নয়ন) | কারা অধিদপ্তর | 01769970020 | [signature]<br>28/05/19 |
| ৩০। | মো: সাহরিয়ার রহমান<br>ডেপুটি জেলার<br>স্টাফ অফিসার (IG Prisons) | কারা অধিদপ্তর | 01748905449 | [signature]<br>২৮/৫/১৯ |
| ৩১। | মোহাম্মদ মনিরুজ্জামান<br>সহকারী প্রধান | সুরক্ষা সেবা বিভাগ | 01875001300 | Monir<br>28/05/19 |
| ৩২। | | | | |
| ৩৩। | | | | |
| ৩৪। | | | | |
| ৩৫। | | | | |
| ৩৬। | | | | |
| ৩৭। | | | | |
| ৩৮। | | | | |
| ৩৯। | | | | |
| ৪০। | | | | |